

আমাকে ফেলে রাখবেন না।



জি.ই.পি/ই-মেইল মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, ঢাকা
(মুসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ)
মুসক মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয় শাখা

নথি নং- ০৮.০১.০০০০.০৭৫.০৫.০০১.১২/অংশ ১৩৪০ (৪)

তারিখ: ০৮/১১/২০১৭খ্রিঃ

আদেশ

বিষয়: নিয়মিত রাজস্ব সভা অনুষ্ঠান, কার্যবিবরণী সংরক্ষণ ও বাস্তবায়ন পর্যালোচনা।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটসমূহের রাজস্ব আদায় মনিটরিং জোরদারকরণের লক্ষ্যে নিয়মিত মাসিক রাজস্ব সভা আয়োজন করা প্রয়োজন। মাসিক রাজস্ব সভার সম্ভাব্য তারিখ হতে পারে- স্থানীয় মুসক কার্যালয়ের জন্য প্রতি মাসের ২০ (বিশ) তারিখ, বিভাগীয় কার্যালয়ের জন্য প্রতি মাসের ২২ (বাইশ) তারিখ ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কার্যালয়ের জন্য প্রতি মাসের ২৪ (চব্বিশ) তারিখ। কমিশনারেটসমূহ প্রয়োজনে একাধিক (বিভাগভিত্তিক) রাজস্ব সভার আয়োজন করতে পারে। উক্ত রাজস্ব সভাগুলোর কার্যবিবরণী প্রণয়ন করতে হবে এবং সার্কেল, বিভাগ ও কমিশনারেট প্রত্যেককে জাতীয় রাজস্ব বোর্ডের কার্যবিবরণীসহ প্রত্যেকের কার্যবিবরণী সংরক্ষণ ও পরবর্তী রাজস্ব সভাগুলোতে তার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

(Signature)
০৮. ১১. ১৬

(শাহ্নাজ পারভীন)

সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি)

প্রাপক: কমিশনার,

বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/
ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রংপুর/ রাজশাহী/ যশোর/ খুলনা

অনুলিপি:

১। পি.এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।)

(শাহ্নাজ পারভীন)

সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি)